

Telephone Conversation between PM and Prime Minister of Ireland

April 22, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রীর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

এপ্রিল 22, 2020

আজ আয়ারল্যান্ডের প্রধানমন্ত্রী হিজ এম্বিলেপ্সি ডক্টর লিও ভারাদকারের সাথে টেলিফোনে বাক্যালাপ করার সময় মাননীয় প্রধানমন্ত্রী কোভিড-19 অতিমারি জনিত অবস্থা এবং স্বাস্থ্য এবং অর্থনৈতিক ব্যবস্থার উপর অতিমারির প্রভাব নিয়ন্ত্রণ করতে উভয় দেশ কি কি পদক্ষেপ নিয়েছে তা নিয়ে আলোচনা করেছেন।

আয়ারল্যান্ডে সংক্রমণের বিরুদ্ধে লড়াইয়ে জন্মসূত্রে ভারতীয় ডাক্তার ও নার্সদের ভূমিকাকে প্রধানমন্ত্রী ভারাদকার প্রশংসা করেছেন। আয়ারল্যান্ডে থাকা ভারতীয় নাগরিকদের প্রতি যেভাবে যত্ন ও সমর্থনের হাত প্রসারিত করা হয়েছে সেই বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী প্রধানমন্ত্রী ভারাদকারকে ধন্যবাদ জানিয়েছেন এবং ভারতে বসবাসকারী আইরিশ নাগরিকদের প্রতি একই রকমের সাহায্যের হাত প্রসারিত করার ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছেন।

দুই নেতা সহমত হয়েছেন যে ওষুধ ও চিকিৎসা ক্ষেত্রে দুই দেশের শক্তির সুবিধা অতিমারির বিরুদ্ধে বিশ্বব্যাপী লড়াইয়ে অবদান রাখতে পারে। কোভিড পরবর্তী সময়ে ভারতের সাথে আয়ারল্যান্ড এবং ইউরোপিয়ান ইউনিয়নের সহযোগিতা শক্তিশালী করার সম্ভবনার বিষয়ে তারা গভীরভাবে আলোচনা করেছেন।

দুই নেতাই সহমত হয়েছেন যে তারা যোগাযোগ বজায় রেখে চলবেন এবং এই সঙ্কটের ফলে উদ্ভূত দিকগুলি নিয়ে পরস্পর পরামর্শ করে চলবেন।

নিউ দিল্লি

এপ্রিল 22, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.